

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
মহম্মদপুর, মাগুরা।
<http://dls.mohammadpur.magura.gov.bd>

স্মারক নং- ৩৩.০১.৫৫৬৬.০০০.৪৬.০০১.১৯. ৩৬১

তারিখঃ-১৪/০৮/২০১৯ইং

” নোটিশ ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন আরম্ভ হয়েছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় মাঠ পর্যায়ে প্রাণিসম্পদ সম্প্রসারণ ও সেবা কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য মহম্মদপুর, বাবুখালী, বালিদিয়া, বিনোদপুর, রাজাপুর, পলাশবাড়ীয়া, দীঘা ইউনিয়নে ০১ (এক) জন করে কমিউনিটি লাইভস্টক সার্ভিস প্রোভাইডার (Livestock Service Provider-LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়া পূরণ করে এমন ব্যক্তিদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। অগ্রহীদের আগামী ২২/০৮/২০১৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র সহ দরখাস্ত জমা দানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা :-

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। পুরুষ বা নারী উভয়েই LSP হিসাবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি/ সমমান পাশ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডি,এল,এস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
- ৭। কর্মঠ স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর আবেদন করার প্রয়োজন নেই।
- ৯। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য LSP - এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথ ভাবে পালনের মানসিকতা থাকতে হবে। সার্বক্ষণিক অন্য পেশায় নিয়োজিতদের আবেদন করার প্রয়োজন নেই।

বিঃদ্রঃ- অত্র দপ্তরের স্মারক নং- ৩৩.০১.৫৫৬৬.০০০.৪৬.০০১.১৯.৩৫২, তারিখঃ-২৯/০৭/২০১৯ইং মোতাবেক আবেদন পত্র দাখিল করেছেন তাদের নুতন করে আবেদন করার প্রয়োজন নাই।

(ডাঃ মানবেন্দ্র মজুমদার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
মহম্মদপুর, মাগুরা।
ও
সদস্য সচিব,
লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট মূল্যায়ন কমিটি

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড টানানোর জন্য অনুরোধ করা হলো :-

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।
- ২। উপজেলা কৃষি অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।

অনুলিপিঃ

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার ও সভাপতি লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট মূল্যায়ন কমিটি, মাগুরা
- ২। নোটিশ বোর্ড।
- ৩। অফিস কপি
- ৪। ওয়েব সাইট নোটিশ বোর্ড। (<http://dls.mohammadpur.magura.gov.bd>)